

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৪০

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ উমার (রাঃ) এর মাহাত্ম্য

## আরবী

عَنْ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ قَالَ لَمَّا طُعِنَ عُمَرُ جَعَلَ يَأْلُمُ فَقَالَ لَهُ ابْنُ عَبَّاسٍ وَكَأَنَّهُ يُجَزِّعُهُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ وَلَئِنْ كَانَ ذَاكَ لَقَدْ صَحِبْتَ رَسُوْلَ اللهِ عَلَيْ فَأَحْسَنْتَ صَحُبْبَتَهُ ثُمَّ فَارَقْتَهُ وَهُوَ عَنْكَ رَاضٍ فَارَقْتَهُ وَهُوَ عَنْكَ رَاضٍ فَارَقْتَهُ وَهُوَ عَنْكَ رَاضٍ ثُمَّ صَحِبْتَ صَحَبْتَهُمْ وَلَئِنْ فَارَقْتَهُمْ لَتُفَارِقَنَّهُمْ وَهُمْ عَنْكَ رَاضُونَ ثُمَّ صَحَبْتَهُمْ وَلَئِنْ فَارَقْتَهُمْ لَتُفَارِقَنَّهُمْ وَهُمْ عَنْكَ رَاضُونَ قَالَ أَمَّا مَا ذَكَرْتَ مِنْ صَحُبْةِ رَسُولِ اللهِ عَلَيْ وَرِضَاهُ فَإِنَّمَا ذَاكَ مَنُّ مِنْ اللهِ تَعَالَى مَنَّ لِهِ عَلَيَّ وَأَمَّا مَا ذَكَرْتَ مِنْ صَحُبْةِ أَبِيْ بَكْرٍ وَرِضَاهُ فَإِنَّمَا ذَاكَ مَنُّ مِنْ اللهِ جَلَّ ذِكْرُهُ مَنَّ لِهِ عَلَيَّ وَأَمَّا مَا ذَكَرْتَ مِنْ حَبُحْبَةٍ أَبِيْ بَكْرٍ وَرِضَاهُ فَإِنَّمَا ذَاكَ مَنُّ مِنْ اللهِ جَلَّ ذِكْرُهُ مَنَّ لِهِ عَلَيَّ وَأَمَّا مَا ذَكَرْتَ مِنْ حَبُحْبَةٍ أَبِيْ بَكْرٍ وَرِضَاهُ فَإِنَّمَا ذَاكَ مَنُّ مِنْ اللهِ جَلَّ ذِكْرُهُ مَنْ اللهِ عَلَى عَنَّالَ أَمْ اللهِ عَلَى وَأَمَّا مَا تَرَى مِنْ جَزَعِي فَهُو مِنْ أَجْلِكَ وَأَجْلِ أَصْحَابِكَ وَاللهِ لَوْ أَنَّ لِي طَلَاعَ الْأَرْضِ ذَهَبًا لَافْتَدَيْتُ بِهِ مِنْ عَذَابِ اللهِ عَزَّ وَجَلَّ قَبْلَ أَنْ أَرَاهُ

## বাংলা

(২৮৪০) মিসওয়ার বিন মাখরামাহ (রাঃ) বলেন, উমারকে যখন ছুরিকাঘাত করা হল, তখন তিনি ব্যথা অনুভব করছিলেন। সে সময় ইবনে আব্বাস তাঁকে সান্ত্বনা দেওয়ার উদ্দেশ্যে বললেন, 'হে আমীরাল মু'মিনীন! এমন হলেও আপনার দুঃখের কোন কারণ নেই। যেহেতু আপনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহচর্য লাভ করেছেন এবং তাঁর সাহচর্যের হক ভালোরূপে আদায় করেছেন। অতঃপর আপনি তাঁকে এ অবস্থায় বিদায় দিয়েছেন, যখন তিনি আপনার প্রতি সম্ভষ্ট।

অতঃপর আপনি আবৃ বাক্রের সাহচর্য লাভ করেছেন এবং তাঁর সাহচর্যের হক ভালোরূপে আদায় করেছেন। অতঃপর আপনি তাঁকে এ অবস্থায় বিদায় দিয়েছেন, যখন তিনি আপনার প্রতি সম্ভষ্ট।

অতঃপর আপনি তাঁর সাহাবাগণের সাহচর্য লাভ করেছেন এবং তাঁদের সাহচর্যের হক ভালোরূপে আদায় করেছেন। অতঃপর আপনি যদি তাঁদেরকে বিদায় দেন, তাহলে অবশ্যই এ অবস্থায় বিদায় দেবেন যে, তাঁরা আপনার প্রতি সম্ভুষ্ট।'

উমার (রাঃ) বললেন, 'তুমি যে রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহচর্য ও সম্ভুষ্টির কথা উল্লেখ



করলে, তা তো আল্লাহ তাআলার পক্ষ থেকে আমার প্রতি এক অনুগ্রহ, যা তিনি আমাকে দান করেছেন।

তুমি যে আবূ বকরের সাহচর্য ও সন্তুষ্টির কথা উল্লেখ করলে, তাও তো আল্লাহ জাল্লা যিকরুহর পক্ষ থেকে আমার প্রতি এক অনুগ্রহ, যা দিয়ে তিনি আমাকে দান করেছেন।

আর তুমি যে আমার অস্থিরতা লক্ষ্ম করছ, তা তোমার কারণে এবং তোমার সঙ্গীদের কারণে। (যেহেতু ফিতনা আসন্ন।) আল্লাহর কসম! আমার যদি দুনিয়া ভরতি স্বর্ণ থাকত, তাহলে আল্লাহ আযযা অজাল্লাহর আযাব দেখার আগে তা থেকে বাঁচার জন্য মুক্তিপণ হিসাবে তা দান করতাম। (বুখারী ৩৬৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন